

122

তারিখ ... 08 MAR 1994 ...
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক ইতিহাস

ঢাকা বিশ্ববিদ্যালয়ে
সিদ্দিক মেমোরিয়েল
ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে "আবদুস সিদ্দিক মেমোরিয়েল ট্রাস্ট ফাণ্ড" প্রতিষ্ঠার উদ্দেশ্যে মরহুমের জ্যেষ্ঠ পুত্র জাতীয় রাজস্ব বোর্ডের অবসরপ্রাপ্ত দ্বিতীয় সচিব সিরাজুল ইসলাম ও কনিষ্ঠ পুত্র জহিরুল ইসলাম রবিবার দুই লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদের নিকট প্রদান করেন। চেক প্রদান অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ওয়াকিল আহমদ, আইন অনুষদের ডীন ডঃ এরশাদুল বারী এবং আইন বিভাগের চেয়ারম্যান ডঃ এম, আই, পাটোয়ারী উপস্থিত ছিলেন।

আবদুস সিদ্দিক ১৯১৭ সালে আইন পাস করার পর ঢাকা বারে যোগদান করেন। ১৯২০ সালে ঢাকা জিলা মুসলিম এসোসিয়েশনের সহ-সম্পাদক হিসেবে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। তিনি ১৯২১ সাল হইতে দীর্ঘদিন ঢাকা বিশ্ববিদ্যালয় 'কোর্টের' সদস্য ছিলেন। ৫৬ বছর বয়সে তিনি পরলোকগমন করেন। —প্রেস বিজ্ঞপ্তি

